



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৪.১২.২০১৮ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

১৪ ডিসেম্বর ১৯৭১ বাঙালীর বিজয় যখন সুনিশ্চিত ঠিক তখনই পাক হানাদার বাহিনী ও তাদের এ দেশীয় দোসররা বাঙ্গালী জাতিকে মেধা শূন্য ও নেতৃত্বশূন্য করার লক্ষ্যে কবি, সাহিত্যিক, বুদ্ধিজীবী, শিক্ষক, সাংবাদিক, ডাক্তার ও বিভিন্ন শ্রেণি পেশার মানুষের ওপর চালায় বর্বরোচিত ও পৈচাশিক হত্যাকাণ্ড। আর এই দিনটি বাঙালী জাতির ইতিহাসে একটি অন্যতম বেদনাঘন দিন। বরাবরের মতোই এ দিনটিকে স্মরণ করে রাখতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে শহীদ বুদ্ধিজীবী দিবস ২০১৮। জাতির এ সূর্যসন্তানদের আত্মত্যাগকে স্মরণীয় করে রাখতে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর নেতৃত্বে কালো ব্যাজ ধারণ করে শোক র্যালি সহকারে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার সকাল ৯.০০ ঘটিকায় শহীদদের স্মরণে ববির কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এ সময় ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের সম্মানিত ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্টবন্দ, বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমন্ডলী, পরিচালকবন্দ, দপ্তর প্রধানগণ, শিক্ষার্থীবন্দ, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। এরপর পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, সেক্টর কমান্ডার'স ফোরাম মুক্তিযুদ্ধ-৭১ ববি শাখা, অফিসার্স এসোসিয়েশন, নীল দল, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল ও বিভিন্ন বিভাগ পুষ্পস্তবক অর্পণে অংশ নেন। দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে সকাল ১০ ঘটিকায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শিক্ষক সমিতির বর্তমান সভাপতি শেরে বাংলা হলের প্রভোস্ট ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান মোঃ ইব্রাহীম মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় মাননীয় উপাচার্য, ট্রেজারার মহোদয়, বিভিন্ন অনুষদের ডিনবন্দ, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, শিক্ষকমন্ডলী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ভারপাণ্ড সাধারণ সম্পাদক সরদার কায়সার আহম্মেদ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস